দৈনিক বাংলা

37

তারিখ ... ২৭ এপ্রিল ১৯৮৯
পৃষ্ঠা ... ১/২ ... কলাম ... ৩

রাজশাহীতে আরো ৫ জন ছাত্র গ্রেফতার

(সংবাদদাতা)

রাজশাহী ২৬শে এপ্রিল।— স্থানীয় বোয়ালিয়া পুলিশ আজ সন্ধ্যায় ছাত্রসংগ্রাম পরিষদের ৫ জন নেতাকে শহর থেকে গ্রেফতার করেছে।

গত মঙ্গলবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত হত্যাকান্ডের সূত্র ধরে বিশ্ববিদ্যালয় ও শহরে যে উত্তেজনা বিরাজ করছিল তারই সূত্র ধরে পুলিশ আজ তাদের গ্রেফতার করে। তবে স্থানীয় পুলিশ তাদের গ্রেফতারের সঠিক

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

ছাত্র গ্রেফতার

(প্রথম পৃঃ পর)

কারণ জানায়নি।

গ্রেফতারকৃতরা হলেন: সালাউদ্দীন বেবী, ফেরদৌস জামিল টুটুল, কামরান হাফিজ, সুশান্ত শেখর এবং ছোট লিক।

আজ সন্ধ্যায় ছাত্র শিবির ও ছাত্রসংগ্রাম পরিষদ শহরে কয়েকটি খন্ড খন্ড মিছিল বের করলে বেশ উত্তেজনা দেখা দেয়। তবে কোন সংঘর্ষ হয়নি।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গত মঙ্গলবারের পর বুধবারের ঘটনায় আহত ছাত্রসংগ্রাম পরিষদ কর্মী জাকির হোসেনের জ্ঞান ৬০ ঘন্টা পরও ফিরেনি। জাকির হোসেন ৩য় বর্ষ সম্মান রাষ্ট্র বিজ্ঞানের ছাত্র।

বুধবার সকাল ৮টার দিকে আমীর আলী হলের কাছে তিনি বিরোধী পক্ষের আক্রমণে গুরুতরভাবে আহত হয়। তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরের পর আজ রাত ৮টা পর্যন্ত তার জ্ঞান ফিরেনি।